

বর্তমান সরকার নারী শিক্ষাবান্ধব

এমপি ইউনুস

■ বরিশাল ব্যারো/বানারীপাড়া প্রতিনিধি বরিশাল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বরিশাল-২ আসনের সংসদ সদস্য আডভোকেট তালুকদার মো. ইউনুস বলেছেন, বর্তমান সরকার নারী শিক্ষাবান্ধব। যথাযথ অর্থায়নের মাধ্যমে ভালো ফলাফল করে আদৌকিত জাতি পঠনে নারী শিক্ষার্থীদের নেতৃত্ব দিতে হবে। তিনি বলেন, বানারীপাড়া বালিকা বিদ্যালয়কে কলেজে রূপান্তর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। বানারীপাড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ৩৭তম বার্ষিক জন্ডানুষ্ঠান, সাবেক সহকারী প্রধান শিক্ষিকা খাদিজা হক সাজু আপা শ্রুতি পাঠাগারের উদ্বোধন, সাজু আপা বাংলা বৃত্তি প্রদান, বার্ষিক ম্যাগাজিন 'বাস্তবিকার' মোড়ক উন্মোচন, দেয়ালপত্রিকা প্রকাশ ও কৃতী ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তালুকদার মো. ইউনুস এ কথা বলেন। একই সনে তিনি বানারীপাড়া-উজিরপুরের উন্নয়নে সমকাল সম্পাদক গোলাম সারওয়ারের সহায়তা কামনা করেন এবং বিদ্যালয়ের দেয়াল ও নতুন একাডেমিক ভবন নির্মাণের দায়িত্ব অগ্রাধিকার দেওয়ার ঘোষণা দেন।

রাববার বিকালে বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ও সমকাল সম্পাদক গোলাম সারওয়ার বলেন, মুক্তিযুদ্ধের পরাজিত শক্তি দেশকে অকার্যকর করতে চায়। একাত্তরের মুক্তিযুদ্ধবিরোধী অপশক্তিকে চূড়ান্তভাবে পরাস্ত করে দেশ ও জাতিকে অশান্তিদায়ক চেতনায় শান্তি ও সমৃদ্ধির পথে এগিয়ে নেওয়ার জন্য আগামী প্রক্রমের প্রতি তিনি আহ্বান জানান। একই সনে বানারীপাড়াকে আদর্শ ও উন্নত উপজেলায় রূপান্তর করতে ভেদাভেদ ভুলে সবাইকে একাত্তর জুটিকা রাবার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বানারীপাড়া উপজেলা চেয়ারম্যান মালহাজ গোলাম ফারুক, উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দ এ ছেড মোরশেদ আলী, পৌরসভার মেয়র মুক্তিযোদ্ধা গোলাম সাঈদ মঞ্জু মোস্তা, জেলা পুলিশ সুপার একেএম এহেদান উল্লাহ, বিশিষ্ট ব্যবসায়ী মিয়া নাসিম হাবিব, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আডভোকেট সুভাষ চন্দ্র শীল, সম্পাদক ও উপজেলা তাইস চেয়ারম্যান আডভোকেট মাহুদ হোসেন সানা, ওসি গোলাম হরোয়ার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শহীদুল ইসলাম। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বানারীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশনের (পাইপট) ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি একেএম ইউসুফ আলী, বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু বকর সিদ্দিক, দাতা সদস্য শাহ আমম, শিক্ষানুরাগী সদস্য এটিএম মোস্তফা সরদার, অভিভাবক সদস্য রিয়াজ মুখা, আবুল কালাম আজাদ, ডা. তপন দত্ত বণিক, সুলতান হোসেন মোস্তা প্রমুখ। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও সমকাল সম্পাদকের মুক্তরাফ প্রবাসী একমাত্র কন্যা সুখমা সারওয়ার নাসিম, বিশিষ্ট ব্যবসায়ী মিয়া নাসিম হাবিব খাদিজা হক সাজু আপা শ্রুতি পাঠাগারটি নির্মাণ করে দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি বার্ষিক ম্যাগাজিন 'বাস্তবিকার' মোড়ক এবং দেয়ালপত্রিকা উন্মোচন করেন। সকালে ৩৭তম বার্ষিক জন্ডা প্রতিযোগিতার উদ্বোধন করেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি গোলাম সারওয়ার।